

বুলুগুল মারাম

হাদিস নম্বরঃ ৫৫১

পর্ব - ৩ঃ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ কাফনের কাপড়ে বাড়াবাড়ি করা নিষেধ

আরবী

وَعَنْ عَلِيٍّ - رَضِيَ اللَّهُ عَنْهُ - قَالَ: سَمِعْتُ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - يَقُولُ: «لَا تُغَالُوا فِي الْكَفَنِ، فَإِنَّهُ يُسَلَبُ سَرِيعًا». رَوَاهُ أَبُو دَاوُدَ

ضعيف. رواه أبو داود (3154)

বাংলা

৫৫১. 'আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তোমরা কাফনের ব্যাপারে বাড়াবাড়ি কর না (অধিক মূল্যে ক্রয় করবে না)। কেননা তা সহসাই ছিনিয়ে নেয়া হবে।[1]

English

'Ali (RAA) narrated, 'I heard the Messenger of Allah (ﷺ) say, "Do not be extravagant in shrouding (i.e. do not spend too much money on them) for it will decay quickly." Related by Abu Dawud.

ফুটনোট

[1] আবু দাউদ ৩১৫৪।

ইমাম যাহাবী আল মুহাযযাব (৩/১৩৩৬) গ্রন্থে বলেন, এর সানাদে ইনকিতা' রয়েছে। ইবনু মুলক্বিন তুহফাতুল মুহতাজ ২/১৮ গ্রন্থে সহীহ অথবা হাসান বলেছেন। (যেমন মুক্বাদ্দামাতে তার উপর শর্ত করেছেন। মুহাম্মাদ

জারুল্লাহ আস-সা'দী নাওয়াফিউল উতরহ (৪৫৭) গ্রন্থে হাসান বলেছেন। আলবানী যঈফুল জামে (৬২৪৭) গ্রন্থে যঈফ বলেছেন। আবু দাউদ সুনানু আবু দাউদে (৩১৫৪) সাকাতা আনহু বলেছেন। কিন্তু তিনি তার রিসালাতে মক্কাহ বাসীর ব্যাপারে বলেছেন প্রত্যেক সাকাতা আনহুই স্বালিহ। আলবানী যঈফ আবু দাউদে (৩১৫৪) একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70362>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন